নং. 52.8

এক্সিকিউটিভ অর্ডার

টিকা প্রাপ্তির সাথে সম্পর্কিত ফেডারেল পদক্ষেপের কারণে নিউ ইয়র্ক স্টেটে ঘোষিত দুর্যোগের সময়সীমা বৃদ্ধি

যেহেতু, ফেডারেল সরকার সম্প্রতি বেশ কিছু পদক্ষেপ নিয়েছে যা জনস্বাস্থ্যের বিরুদ্ধে কাজ করতে পারে বলে মনে হচ্ছে, যার মধ্যে আছে জনস্বাস্থ্য রক্ষায় ডিপার্টমেন্ট অব হেলথ অ্যান্ড হিউমেন সার্ভিসেস (Department of Health and Human Services), ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration), এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention), এবং এমন এনটিটির অতি প্রয়োজনীয় কাজের পরিচালনা সম্পর্কিত বিষয় আছে, যার মধ্যে ভ্যাক্সিন সম্পর্কে ফেডারেল আইনের প্রয়োগ সম্পর্কিত বিষয় আছে;

যেহেতু, ফেডারেল সরকারের এই পদক্ষেপগুলোর ফলস্বরূপ, নিউ ইয়র্কের ফার্মেসিগুলো কোভিড-19 ভ্যাকসিন দেওয়ার ক্ষেত্রে বিধিনিষেধ আরোপ করেছিল যা প্রতিরোধের মাধ্যমে জনস্বাস্থ্য ও নিরাপত্তা বজায় রাখার ক্ষেত্রে স্টেটের সক্ষমতাকে বিপন্ন করেছে;

যেহেতু, জনস্বাস্থ্য ও নিরাপত্তা বজায় রাখার ক্ষেত্রে স্টেটের সক্ষমতা নিশ্চিত করার জন্য, আমি, 5 সেপ্টেম্বর, 2025 তারিখে, ফেডারেল সরকারের এই পদক্ষেপগুলোর ফলে উদ্ভূত নিউ ইয়র্ক স্টেটে একটি স্টেট দুর্যোগকালীন জরুরি অবস্থা ঘোষণা করে কার্যনির্বাহী আদেশ 52 জারি করেছি এবং

যেহেতু, ফেডারেল সরকারের এই পদক্ষেপগুলো স্টেটের জনস্বাস্থ্য ও নিরাপত্তা বজায় রাখার সক্ষমতাকে ক্রমাগত বিপন্ন করে চলেছে;

এখন, অতএব, আমি Kathy Hochul (ক্যাথি হোকল), নিউ ইয়র্ক স্টেটের (State of New York) গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান (Constitution of the State of New York) এবং Executive Law-এর আর্টিকেল 2-B অনুযায়ী আমাকে দেওয়া কর্তৃত্ব ব্যবহার করে, এই মুহূর্তে পুরো স্টেটে দুর্যোগ জরুরি অবস্থার আদেশ চলমান রাখার প্রয়োজনীয়তা দেখতে পারছি এবং এই মুহূর্ত থেকে স্টেটের দুর্যোগ জরুরি অবস্থার মেয়াদ বাড়িয়ে দিচ্ছি যা এক্সিকিউটিভ অর্ডার নম্বর 52 দিয়ে ঘোষণা করা হয়েছে, এবং সেই সাথে এর সকল শর্ত এবং স্থগিতাদেশগুলিকে 17 মে, 2026 তারিখ পর্যন্ত কার্যকর রাখছি।

আমার স্বহস্তে এবং প্রিভি সিল অফ দ্য স্টেটের অধীনে দেওয়া হচ্ছে
আলবানি সিটিতে দুই হাজার ছাব্বিশ
সালের এপ্রিল মাসের 17তম দিনে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব